



সংবিধান সংশোধনে সর্বদলীয় বিশেষ কমিটি গঠনের প্রস্তাব



স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

সংবিধান সংস্কারের উদ্যোগ হিসেবে জাতীয় সংসদে প্রতিনিধিত্বকারী সব রাজনৈতিক দল ও স্বতন্ত্র সদস্যদের নিয়ে একটি বিশেষ সংসদীয় কমিটি গঠনের প্রস্তাব দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। তাঁর মতে, এ ধরনের একটি কমিটি গঠন হলে আলোচনার মাধ্যমে গ্রহণযোগ্য ও কার্যকর সংশোধনী আনা সম্ভব হবে। রাষ্ট্রপতির আদেশ জারির ক্ষমতা প্রসঙ্গে তিনি বলেন, ১৯৭৩ সালের ৭ এপ্রিলের পর থেকে এ ক্ষমতা আর বহাল ছিল না। সেই প্রেক্ষাপটে পরবর্তীতে জারি হওয়া আদেশগুলোর বৈধতা নিয়ে প্রশ্ন ওঠে। আইনগত ভাষায় এ ধরনের আদেশকে শুরু থেকেই অবৈধ বা 'ভয়েড অ্যাব ইনিশিও' হিসেবে গণ্য করা যেতে পারে বলেও উল্লেখ করেন তিনি। এ কারণেই সংশ্লিষ্ট আদেশ সংসদে উপস্থাপন করা হয়নি।

গণভোটের ব্যালট নিয়েও প্রশ্ন তোলেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, চারটি প্রশ্ন একসঙ্গে দিয়ে ভোটারদের 'হ্যাঁ' বা 'না' বেছে নিতে বাধ্য করা হয়েছিল, যা সঠিক পদ্ধতি নয়। তাঁর দাবি, এসব প্রশ্নের মধ্যে একটি জাতীয় সনদের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ছিল না, ফলে জনগণের মতামত যথাযথভাবে প্রতিফলিত হয়নি।

সবশেষে তিনি বলেন, রাষ্ট্র কাঠামো সংস্কারের অঙ্গীকার বাস্তবায়নে সরকার ও বিরোধী দলসহ সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। এজন্য তিনি সংসদ নেতার পক্ষ থেকে প্রস্তাব দেন, সর্বদলীয় একমত্যের ভিত্তিতে একটি বিশেষ কমিটি গঠন করে সংবিধান সংশোধনী বিল প্রস্তুত করে সংসদে উপস্থাপন ও পাস করা হোক।